

০৭১

বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের প্রতি বেগম জিয়ার হুঁশিয়ারি

৥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ৥
বিএনপি চেয়ারম্যান ও সাত দলীয় জোট নেত্রী বেগম খালেদা জিয়া অবিলম্বে ছাত্রনেতা নীরুসহ নয় জন ছাত্রের বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবী জানিয়ে বলেছেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যকে হুঁশিয়ার করে দিতে চাই, আমার একটা ছেলের কোন ক্ষতি হলে আমরা তাকে ছাড়ব না। তাদের বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবীতে আমরা অনশনরত জাতীয়তাবাদী ছাত্রদলের নেতা-কর্মীদের সাথে একাত্মত্ব প্রকাশ করে বক্তব্য দানকালে তিনি এ কথা বলেন। গতকাল সোমবার দুপুর সোয়া ১২টায় তিনি সেখানে যান বিএনপির মহাসচিব ব্যারিস্টার সালাম তালুকদার এবং কেন্দ্রীয় নেতা ফরিদ রহমান, জাহানারা বেগম, মীর্জা আব্বাস ও এডভোকেট মজিবর রহমান এ সময় ৭-এর পাঠায় দেখুন

বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের প্রথম পৃষ্ঠার পর

তার সাথে ছিলেন।
বেগম জিয়া পূর্ববেত ছাত্র-ছাত্রীদের উদ্দেশে বলেন, একের পর এক ছেলেরা অসুস্থ হচ্ছে। এটা মেনে নেয়া যায় না। উপাচার্যের জুলুমের বিরুদ্ধে আন্দোলন গড়ে তুলব।

তিনি দায়িত্ব নিয়ে ছাত্রদের অনশন ভঙ্গ করার জন্য বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির প্রতি আহ্বান জানিয়ে বলেন, '৫২ থেকে '৬৯ পর্যন্ত সব আন্দোলন ছাত্ররা সৃষ্টি করেছে। তারা ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের বিরুদ্ধেও আন্দোলন করবে। সে আন্দোলনে শুধু উপাচার্য নয়, তার চ্যাঞ্চেলরেরও পতন ঘটবে। তাই সময় থাকতে ছাত্রদের দাবী মেনে নিয়ে তাদের লেখা-পড়ার সুযোগ দিন।

তিনি বলেন, জাতীয়তাবাদী ছাত্র দলের ৯ জনকে অবৈধভাবে বহিষ্কার করা হয়েছে। তিনি অবিলম্বে বহিষ্কারাদেশ প্রত্যাহার করে অনশনকারীদের জীবন রক্ষা ও বিশ্ববিদ্যালয়ে শিক্ষার পরিবেশ সৃষ্টির দাবী জানান।

বিশ্ববিদ্যালয় শিক্ষক মণ্ডলীর উদ্দেশে বেগম জিয়া বলেন, আপনারা অবিলম্বে এ দাবী মেনে নিয়ে ছাত্রদের লেখা-পড়ার সুযোগ দিবেন। তাদের অনশন ভঙ্গ করে তারা যাতে নিজেদের কাজে ফিরে যেতে পারে সে ব্যবস্থা নেবেন।

তিনি বলেন, 'ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য তার দায়িত্ব সঠিকভাবে পালন করছেন না বলে আমি মনে করি। শিক্ষার সৃষ্টি পরিবেশ রক্ষা উপাচার্যের দায়িত্ব। বিএনপি ও তার অংগ সংগঠনকে ধ্বংস করা বর্তমান সরকারের পরিকল্পনা। এ পরিকল্পনায় শরীক না হয়ে উপাচার্যের দায়িত্ব ছাত্রদের লেখা-পড়ার ব্যবস্থা করা। অবৈধ সরকার প্রধান বিশ্ববিদ্যালয়ের চ্যাঞ্চেলর হতে পারে না। তার হুকুম উপাচার্য মানতে পারে না। বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবী তাকে মানতে হবে।

ব্যারিস্টার সালাম তালুকদার বর্তমান সরকারকে যারা সহায়তা করছে, ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনও তাদের সাথে চিহ্নিত। আমরা পরিষ্কারভাবে বলতে চাই, যদি এ আন্দোলন করতে গিয়ে অনশনরতদের কিছু হয় তবে সেজন্য বর্তমান সরকারের প্রতি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে দায়ী করতে বাধ্য হবে।

বক্তৃত্যশেষে জাতীয়তাবাদী ছাত্রদলের একটি মিছিল বেগম জিয়াকে সাথে নিয়ে বের করে। বেগম জিয়াসহ বিএনপি নেতৃবৃন্দ মিছিলের মাঝে গাড়ীতে ছিলেন অনশনকারীদের অবস্থা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের কার্যালয়ের সামনে ৯ জনের বহিষ্কারাদেশ প্রত্যাহারের দাবীতে জাতীয়তাবাদী ছাত্রদলের আমরণ অনশন চলছে। গতকাল সোমবার রাত পর্যন্ত ১৭ জনকে হাসপাতালে নেয়া হয়েছে বলে জানা গেছে।

হাসপাতালে ভর্তি রয়েছেন, মোহাম্মদ কুদ্দুস, তওফিক আজিজ, আবদুল্লাহ শরীফ, নূরুল আলম, নূরুল ইসলাম, আব্দুলজামান, আনোয়ার হোসেন, আবদুস শহীদ, আশরাফ উদ্দিন, মোয়াজ্জেম হোসেন, গোলাম কিবরিয়া, জামান, আসাদুজ্জামান, বজলুল বাসেত, মীর্জা মাসুদ, খাদেমুল বাসার ও কামরুজ্জামান চৌধুরী। এদেরকে স্যালাইন দেয়া হচ্ছে। গতকাল রাত সাড়ে ৯টায় বেগম জিয়া হাসপাতালে ভর্তি অনশনকারীদের দেখতে যান। এ সময় ব্যারিস্টার নাজমুল হুদা তার সাথে ছিলেন।